

# GP PATIENT SURVEY



সমীক্ষা নম্বর: 1234567890

2 জানুয়ারী 2018

## NHS-কে সাহায্য করার জন্য আপনার সুযোগ

GP রোগীর সমীক্ষায় অংশ নিতে বলার জন্য আমি আপনাকে লিখছি। এই সমীক্ষাটি Ipsos MORI-এর দ্বারা NHS England-এর পক্ষ থেকে পরিচালিত হচ্ছে এবং প্রতি বছর প্রায় 1 মিলিয়ন মানুষ সমীক্ষাটিতে অংশ নিয়ে আমাদের সাহায্য করেন।

## আপনার এলাকায় GP এবং স্বাস্থ্য পরিষেবাগুলির উন্নতিকরণ

সংযোজিত প্রশ্নাবলী পূরণ করার মাধ্যমে অনুগ্রহ করে সমীক্ষাটিতে অংশ নিন। এটি আপনার GP সার্জারি এবং অন্যান্য স্থানীয় NHS পরিষেবাগুলি সংক্রান্ত আপনার অভিজ্ঞতাগুলি সম্পর্কে জিজ্ঞাসা করে, এবং এতে আপনার সম্পর্কে ও আপনার সাধারণ স্বাস্থ্য সম্পর্কে প্রশ্নগুলি অন্তর্ভুক্ত আছে। আমরা যে উত্তরগুলি পাই সেগুলি আপনার মতো ব্যক্তিদের এবং আপনাদের পরিবারের জন্য স্থানীয় স্বাস্থ্য পরিষেবাগুলির উন্নয়নে NHS-কে সাহায্য করে। এমন কি আপনি যদি সম্প্রতি আপনার GP সার্জারিতে না গিয়ে থাকেন, অথবা আগে একটি প্রশ্নাবলী পূরণ করে থাকেন, তাসঙ্গেও আপনার কাছ থেকে শুনতে পাওয়া আমাদের কাছে প্রকৃতই গুরুত্বপূর্ণ।

প্রশ্নাবলীটি সম্পূর্ণ করতে আপনার 15 মিনিটের কম সময় লাগা উচিত এবং আপনি প্রদত্ত খামে এটি ফেরৎ দিতে পারেন। আপনার কোনো স্ট্যাম্পের প্রয়োজন নেই। আপনি যত শীঘ্র সম্ভব প্রশ্নাবলীটি ফেরৎ পাঠিয়ে, NHS England-এ আমাদেরকে অর্থ সাশ্রয় করতে সাহায্য করতে পারেন – এর ফলে আমাদের আপনাকে কোনো রিমাইন্ডার পাঠানোর প্রয়োজন হবে না।

## আপনার তথ্যগুলিকে গোপনীয় হিসেবে বিবেচনা করা হবে

পৃষ্ঠার উল্টোদিকে সমীক্ষাটি এবং গোপনীয়তা সম্পর্কে আরো তথ্য আছে। আপনার যদি আরো কোনো প্রশ্ন থাকে অথবা প্রশ্নাবলীটি পূরণ করতে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে [www.gp-patient.co.uk](http://www.gp-patient.co.uk) দেখুন যেখানে আপনি সমীক্ষাটি অনলাইনেও পূরণ করতে পারেন, অথবা Ipsos MORI -কে ফোন-এ 0800 819 9137 নম্বরে ফোন করুন (সোমবার থেকে শুক্রবার, সকাল 8টা থেকে রাত 9টা; শনিবার, সকাল 10টা থেকে বিকাল 5টা)।

NHS-কে সাহায্য করার জন্য আপনার কিছুটা সময় দেওয়ায় আপনাকে অজস্র ধন্যবাদ।

আপনার বিনীত

Neil Churchill  
Director of Patient Experience  
NHS England

অনুগ্রহ করে পৃষ্ঠাটি উল্টান

## আপনি কেন এই সমীক্ষাটি সম্পাদন করছেন?

এই সমীক্ষাটি NHS-কে GP সার্জারি এবং অন্যান্য স্থানীয় NHS পরিষেবাগুলিকে উন্নত করতে সাহায্য করবে যাতে এগুলি আরো ভালভাবে আপনার চাহিদাগুলি পূরণ করতে পারে। আপনার স্থানীয় GP সার্জারিগুলির জন্য ফলাফলগুলি সহ আপনি পূর্ববর্তী সমীক্ষাগুলি থেকে প্রাপ্ত সকল ফলাফলগুলি দেখতে পারেন, [www.gp-patient.co.uk](http://www.gp-patient.co.uk) ওয়েবসাইটে যাওয়ার মাধ্যমে।

## আপনারা কীভাবে আমার নাম এবং ঠিকানা পেয়েছিলেন?

একটি GP-এর সাথে নিবন্ধিত NHS-এর রোগীদের তালিকা থেকে এলোপাথাডিভাবে আপনার নাম নির্বাচন করা হয়েছিল। Ipsos MORI, NHS England এর পক্ষ থেকে এই প্রশ্নমালাটি আপনাকে পাঠাচ্ছে। তথ্য সুরক্ষা আইন (Data Protection Act) 1998 এর আওতায়, NHS England আপনার সম্পর্কে রক্ষিত তথ্যের জন্য দায়িত্বশীল।

Ipsos MORI **আপনার যোগাযোগের তথ্য গোপন রাখবে** এবং শুধুমাত্র আপনাকে এই প্রশ্নমালাটি পাঠানোর জন্যই সেগুলি ব্যবহার করবে। একবার সমীক্ষাটি করা শেষ হলে, Ipsos MORI আপনার যোগাযোগের বিবরণ নষ্ট করে দেবে। Ipsos MORI-কে আপনার স্বাস্থ্য সম্পর্কে কোনো তথ্য দেওয়া হয় নি।

## আমার উত্তরগুলির কী হবে?

আপনার উত্তরগুলিকে অন্যান্য ব্যক্তিদের কাছ থেকে পাওয়া উত্তরের সাথে একত্রিত করা হয় এবং আপনার নাম, ঠিকানা বা NHS নম্বরের সাথে যুক্ত করা হয় না। প্রশ্নগুলির প্রতি আপনার দেওয়া স্বতন্ত্র উত্তরগুলিকে Ipsos MORI এবং অনুমোদিত NHS England কর্মচারী ও গবেষকরা গোপনীয় রাখবেন। **কোনো প্রকাশিত ফলাফলে কেউ আপনাকে সনাক্ত করতে সমর্থ হবে না।** আরো তথ্যের জন্য, [www.gp-patient.co.uk/faq/confidentiality](http://www.gp-patient.co.uk/faq/confidentiality)-এ যান।

## এই পত্রের সামনে থাকা সমীক্ষা নম্বরটি কী কাজে ব্যবহৃত হয়?

কারা সমীক্ষাটির উত্তর দিয়েছেন তা সনাক্ত করার জন্য এবং উত্তরগুলিকে GP সার্জারিগুলির সাথে যুক্ত করার জন্য Ipsos MORI সমীক্ষা নম্বরটি ব্যবহার করে (তাই যে সকল ব্যক্তি সাড়া দেন নি শুধুমাত্র তাদেরকেই তারা অনুস্মারক পত্র পাঠান)। সমীক্ষা নম্বরটি আপনার NHS নম্বরের সাথে যুক্ত নয়। আপনি যদি এই সমীক্ষাটি সম্পর্কে কোনো অনুস্মারক পেতে না চান, তাহলে অনুগ্রহ করে একটি পূরণ না করা প্রশ্নমালা ফেরৎ পাঠান বা Ipsos MORI-এর সাথে ফ্রীফোনে **0800 819 9137** নম্বরে যোগাযোগ করুন।

## কেউ কি আমাকে প্রশ্নমালাটি পূরণ করতে সাহায্য করতে পারেন?

হ্যাঁ, তা করা যেতে পারে। আপনি আমাদের দলের সাথে যোগাযোগ করতে পারেন অথবা একজন বন্ধু বা আত্মীয়কে সাহায্য করতে বলতে পারেন, কিন্তু অনুগ্রহ করে নিশ্চিত করুন উত্তরগুলি যেন শুধুমাত্র আপনারই অভিজ্ঞতা সম্পর্কিত হয়।

**আপনি যদি প্রশ্নমালাটির একটি কপি সহজে পাঠযোগ্য, বড় হরফে মুদ্রণ বা ব্রেইল-এ পেতে চান, তাহলে ফ্রীফোনে 0800 819 9137 নম্বরে ফোন করুন।**